

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৬৪১

১/ বিবিধ

আরবী

كان الناس يعودون داود، يظنون أن به مرضا وما به إلا شدة الخوف من الله تعالى
موضوع

أخرجه تمام في " الفوائد " (2 / 49) وعنه ابن عساكر (14 / 338 / 2) وأبو نعيم (7 / 137) وكذا ابن عساكر في ترجمة داود عليه السلام والضياء في " الأحاديث والحكايات " (2 / 150) عن محمد بن عبد الرحمن بن غزوان الضبي: حدثنا الأشجعي عن سفيان الثوري عن عبيد الله بن عمر عن نافع عن ابن عمر مرفوعا. وقال ابن عساكر: " غريب جدا، وابن غزوان ضعيف ". وقد أورده السيوطي في " الجامع " عن ابن عساكر وحده فتعقبه المناوي بأن أبا نعيم رواه أيضا ثم قال " وفيه عندهما محمد بن عبد الرحمن بن غزوان، قال الذهبي: قال ابن حبان: يضع، وقال ابن عدي: متهم بالوضع وقال في " الميزان ": " حدث بوقاحة عن مالك وشريك وضمَام بن إسماعيل ببلايا، قال الدارقطني وغيره: كان يضع الحديث. وقال ابن عدي: له عن ثقات الناس بواطيل ". زاد في " اللسان ": وقال ابن عدي: وهو ممن يضع الحديث. وقال الحاكم: روى عن مالك وإبراهيم بن سعد أحاديث موضوعة ". قلت: والحديث رواه عبد الله بن الإمام أحمد في " زوائد الزهد " (ص 88) عن سعيد بن هلال أن داود النبي كان الحديث نحوه. فهذا كما تراه موقوف ومعضل، فالظاهر أنه من الإسرائيليات. والله أعلم

বাংলা

৬৪১। লোকেরা দাউদ (আঃ)-কে দেখতে যেত। তারা ধারণা করত যে প্রচণ্ড আল্লাহ ভীতিই ছিল তার অসুখ।

হাদীছটি জাল।

এটি তাম্মাম "আল-ফাওয়ায়েদ" (২/৪৯) গ্রন্থে, তার থেকে ইবনু আসাকির (১৪/৩৩৮/২) এবং আবু নোয়াইম বর্ণনা করেছেন। অনুরূপভাবে দাউদ (আঃ)-এর জীবনীতে ইবনু আসাকির এবং যিয়া "আল-আহাদীছু ওয়াল হিকায়াত" (২/১৫০) গ্রন্থে মুহাম্মাদ ইবনু আবদির রহমান ইবনে গায়ওয়ান আয-যাবরী হতে তিনি আল-আশজাঈ হতে তিনি সুফিয়ান হতে ... বর্ণনা করেছেন।

ইবনু আসাকির বলেনঃ হাদীছটি নিতান্তই গারীব এবং ইবনু গায়ওয়ান দুর্বল। হাদিসটি সুযুতী "আল-জামে" গ্রন্থে একমাত্র ইবনু আসাকিরের বর্ণনা হতে উল্লেখ করেছেন। এ কারণে মানবী তার সমালোচনা করে বলেছেনঃ নোয়াইমও হাদীছটি বর্ণনা করেছেন। অতঃপর মানবী বলেনঃ তাতে মুহাম্মাদ ইবনু আবদির রহমান রয়েছে। হাফিয যাহাবী বলেছেন, ইবনু হিব্বান বলেনঃ তিনি হাদীছ জলিকারী। ইবনু আদী বলেনঃ তিনি জাল করার দোষে দোষী।

যাহাবী "আল-মীযান" গ্রন্থে বলেছেন, দারাকুতনী ও অন্য বিদ্বানগণ বলেনঃ তিনি হাদীছ জাল করতেন। ইবনু আদী বলেনঃ নির্ভরযোগ্যদের উদ্ধৃতিতে তার বাতিল হাদীছ রয়েছে।

হাফিয ইবনু হাজার "আল-লিসান" গ্রন্থে বলেছেনঃ ইবনু আদী বলেনঃ তিনি হাদীছ জালকারীদের অন্তর্ভুক্ত। হাকিম বলেনঃ তিনি ইমাম মালেক এবং ইব্রাহীম ইবনু সা'আদ হতে কতিপয় জাল হাদীছ বর্ণনা করেছেন। বাহ্যিকতা প্রমাণ করছে যে, এটি ইসরাইলী বর্ণনা।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71520>

📖 হাদিসবিডি়র প্রজেক্টে অনুদান দিন